

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
মনিটরিং-২ শাখা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৯৭.০১৬.০০.০০৩.২০১৫-৫০

তারিখঃ ১৬/০৪/২০১৭ খ্রিঃ।

বিষয় : জেলা প্রশাসক সম্মেলন ২০১৬ উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গে জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারগণের মুক্ত আলোচনাকালে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন।

সূত্র : (১) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০৯৭.০১৬.০০.০০৩.২০১৫-৭৪, তারিখঃ ২০/০৯/২০১৬ খ্রিঃ।

(২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১৪.০০৬.০০৫.২০১৬-১২২, তারিখ : ২৩/০৩/২০১৭।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসক সম্মেলন ২০১৬ এর অংশ হিসাবে মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গে জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারগণের মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনায় মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ নির্দেশনা অনুযায়ী নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

“কুষ্টিয়া জেলায় ফেইসবুকে ইউজার এর সংখ্যা ১৬,০০০-এর বেশী। ফেইসবুক ব্যবহার করে তাত্ক্ষণিকভাবে জনগণকে অনেক সেবা সহজে প্রদান করা হচ্ছে। এই ধরনের সেবা সকল জেলায় ছড়িয়ে দেওয়া যেতে পারে। সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে ইউনিয়ন ডিজিটাল সেন্টার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

বর্ণিত প্রেক্ষাপটে, ডিজিটাল সেন্টারসমূহের মাধ্যমে বিভিন্ন ইউটিলিটি বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। এতে করে ডিজিটাল সেন্টারসমূহে আরও প্রাণচাঞ্চল্য আসবে এবং জনগণও সহজে সেবা পাবেন।”

০২। উল্লেখ্য, মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং গৃহীত ব্যবস্থা সম্পর্কে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করার জন্য সূত্রোক্ত ১নং স্মারকে অনুরোধ জানানো হয়েছিল। কিন্তু উল্লিখিত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত না করায় উক্ত বিষয়ে পরবর্তী কোন কার্যক্রম গ্রহণ করা সম্ভব হচ্ছে না।

০৩। এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত উল্লিখিত অনুশাসন/ নির্দেশনা অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এর হার্ড/ সফট কপি (ই- মেইলঃ mostofagolam710@gmail.com) আগামী ২৫-০৪-২০১৭ইং তারিখের মধ্যে জরুরী ভিত্তিতে মনিটরিং-২ শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(গাজী গোলাম মোস্তফা)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৬৯০৩৬

জেলা প্রশাসক

----- (সকল জেলা)।

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ২। উপ-সচিব, মাঠ প্রশাসন সমন্বয় শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইডে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। মহাপরিচালক (মইই), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।